Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



### জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ।০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶১০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১৷৷০ টাকা। নগদ মূল্য ⁄০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।



হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

মূল্য ছয় পয়সা

পণ্ডিত-প্রেসে পাইবেন।



৩৯শ বর্ষ } রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—১৪ই জ্যৈষ্ঠ বুধবার ১৩৫৯ ইংরাজী 28th May. 1952 { ২য় সংখ্যা



## অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্
এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।



## জীবনযাত্রার পাথেয়

আমাদের গৃহ-সংসার কত আশা ও উৎসাহ, কত শান্তি ও সুখের স্বপ্ন দিয়ে তৈরী। বাপ মায়ের সে স্বপ্ন রূঢ় বাস্তবের আঘাতে ভেঙ্গে যাওয়া অসম্ভব নয়, তাই নিজের জন্যও যেমন তাঁদের দুশ্চিন্তা, ছেলে-মেয়ে ও আত্মীয়-পরিজনের জন্যও তেমনি তাঁদের উদ্বেগ ও আশঙ্কা—কি উপায়ে তাদের জীবনযাত্রা নির্ব্বাহের উপযোগী সংস্থান করে রাখা যায়? হিন্দুস্থানের বীমাপত্র সেই সংস্থানের উপায় স্বরূপ—প্রত্যেকের আর্থিক সঙ্গতি ও বিভিন্ন প্রয়োজন অনুযায়ী নানাবিধ বীমাপত্রের ব্যবস্থা আছে।

জীবনযাত্রার অনিশ্চিত পথে
জীবন বীমা মানুষের
প্রধান পাথেয়।

### হিন্দুস্থান কো-অপারেটিভ

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস

৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা—১৩

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

১৪ই জ্যৈষ্ঠ বুধবার সন ১৩৫৯ সাল।

## গুপ্ত দান

### নাম প্রকাশে অনিচ্ছুক দাতা

—০—

অনেক দাতা নিজের নাম জাহির না করিয়া সৎকার্য্যে দান করিয়া থাকেন। টাকার জমা খরচ রাখার জন্য হিসাবে নাম প্রকাশে অনিচ্ছুক বলিয়া উল্লেখ করা হয়। আবার এক শ্রেণীর দাতা আছে, যারা দান করিয়া দিলাম! দিলাম!! শব্দে ঢক্কা নিনাদ করিয়া আত্মপ্রসাদ লাভ করিয়া থাকে। এই শ্রেণীর জনৈক দাতা ও তাহার দানগৃহীতা গুরু-দেবের দুর্গতি ও লাঞ্ছনার গল্প আমরা আজ পাঠক-বর্গকে জানাইতেছি।

এক পল্লীবাসী কৃষক সে বৎসর কৃষিকর্ম্মে বেশ দুপয়সা সঞ্চয় করিয়াছে। ইষ্টদেব ঠাকুর মহাশয় শীতকালে তাহার বাড়ীতে পদার্পণ করিয়াছেন। গুরুদেবের শীতবস্ত্র না থাকায় কৃষক-শিষ্য তাহাকে একখানি ১০৲ টাকা দামের রেফার কিনিয়া দিলেন। গুরুদেব যখন শিষ্যবাড়ী হইতে অদূরবর্ত্তী সহরে রেলষ্টেশনে যাইতেছেন, শিষ্যের অভিলাষ অনুসারে তাহার প্রদত্ত শীতবস্ত্রখানি গায়ে জড়াইয়া লইলেন। কৃষক গুরুদেবের মোট পুটলি ষ্টেশনে ট্রেনে তুলিয়া দিবার জন্য প্রভুর পশ্চাদনুসরণ করিল। ঠাকুর মহাশয়কে শীতের কাপড়খানি দান করিয়া তাহার বেশ আত্মশ্লাঘা জন্মিয়াছে, সে পথিমধ্যে চেনা শোনা লোক যাহাকেই দেখিতেছে, তাহাকেই গুরুদেবকে দেখাইয়া বলিতেছে—"ইনি আমার ইষ্টদেব, এঁর গায়ে যে কাপড়খানা দেখছ, এটা আমি উনাকে দিলাম। কয়েক জনকে এইভাবে বলায় গুরুদেব শিষ্যকে বলিলেন—দান ক'রে দিলাম, দিলাম, বল্‌তে নাই, ওতে দানের ফল হয় না। এইবারে শিষ্য তাহার পরিচিত লোক দেখামাত্র বলিতে আরম্ভ করিল—দেখ, ইনি আমার ইষ্টদেব, উনার গায়ে যে রেফারখানা দেখছ ওটা উনারই।

এবারে গুরুদেব তাহাকে বলিলেন—ও কথাই বা তোমার বলার দরকার কি? ওতে লোকে কি মনে করে!

এবারে গুরু শিষ্য উভয়ে সহরে প্রবেশ করিবার সময় চৌরাস্তায় পাহারায় রত একজন পুলিশ কনষ্টেবল ও তার পাশে সাহেবী পোষাক-পরা এক দারোগাকে দেখিয়া কৃষক তাহাদের নমস্কার করিয়া বলিল—দেখুন, ইনি আমার ইষ্টদেব, ওঁর গায়ে যে শীতের কাপড়খানা দেখছেন, ওখানা উনারও নয়, আমারও নয়। দারোগা বাবু তখনি পাহারা-ওয়ালাকে হুকুম দিলেন—দোনো শ্বশুরা চোর—কাপড়া চোরি কিয়া হায়। দোনো শ্বশুরা কো থানামে লে যাকে গারদমে রাখো। কনষ্টেবল হুকুম পাইবা মাত্র গুরু শিষ্য উভয়কে হাজতে বন্ধ করিয়া রাখিল। ৪।৫ দিন হাজত ভোগ করার পর যখন প্রকৃত ব্যাপার প্রকাশ হইল, তখন দাতা ও গৃহীতা উভয়ে মুক্তি পাইল।

### আর এক রকমের চোরা দান

বাবা জীবিত আছেন। তিন ভাই চাকরী করে। মধ্যম ভাই বেশ মোটা টাকা উপার্জ্জন করে। সে বাড়ীতে আসিলেই তার স্ত্রী তার কাছে আবদার করে—আমাকে এক জোড়া আর্ম্মলেট তৈরী ক'রে দাও। তার স্বামী বলে—দেখ, আর্ম্ম-লেট করতে হ'লে, তিন জোড়া না করলে বাবা মা এঁরা কি মনে করবেন! দাদা, ছোট ভাই এরা পর ভাববে না কি? এক অন্নে থেকে এ চলে না? স্ত্রী অর্থাৎ মেজো বউ বেশ বুদ্ধিমতী। সে মাথা হ'তে বুদ্ধি বের ক'রে মেজো বাবুকে বল্লে—বাবা কিম্বা বড় ঠাকুর যাতে কিছু মনে না করে, আমি তেমনি ক'রে আর্ম্মলেট গড়াবো। আমাকে তোমার উপরি পাওনা কিম্বা টিব্‌লিং হ'তে ২০০৲ দুশো টাকা দিও। বিয়ের সময়কার অনন্ত আছে, তার সোনা আর কিছু সোনা দিলেই আমার আর্ম্মলেট হবে। তোমাকেও নিন্দা পেতে হবে না—এমন বুদ্ধি ক'রে তৈরী করবো। মেজো বাবু আর ঘ্যানর্‌, ঘ্যানর্‌ সইতে না পেরে ২০০৲ টাকা দিয়ে দিল। মেজো বউ মাকে ডেকে এনে পুরোনো সোনা আর ২০০৲ নগদ দিয়ে পুজোর সময় আর্ম্ম-লেট তৈরী ক'রে বাপের বাড়ীতেই রেখে দিল। ভাইফোঁটার সময় বাপের বাড়ী গিয়ে আর্ম্মলেট প'রে ফিরে এলো। লোকে যখন জিজ্ঞেস করে—মেজো গিন্নি আর্ম্মলেট কবে করলি? বুদ্ধিমতী মেজো বউ উত্তর করে—এ বাড়ী হ'তে আর্ম্মলেট হবে আমার! বাবা দিয়েছে।

লোকের চোকে ধূলো দিতে গিয়ে দাতাকে বাবা বল্লে। যে দিয়েছে সে যেন ওর বাবা। এক জোড়া সামান্য গয়নার জন্য স্বামীকে বাপ বল্‌তে একটুও দ্বিধা করলো না।

বাঙলার রাজধানী কলকাতায় যেখানে লাট আছেন, প্রধান মন্ত্রী আছেন—পুলিশ কমিশনার আছেন। সেখানে অত বড় অট্টালিকা, তিন তিন-খানা মোটর গাড়ী কে কাহাকে দিল, তাহা খবরের কাগজে আলোচনা হইল কিন্তু কে দিল কে নিল, তাহার স্থিরতা কবে হইবে?

---

### টিউব ওয়েল

রঘুনাথগঞ্জ থানার দফরপুর ইউনিয়নের বাণীনগর গ্রামের টিউব ওয়েলটী অনেক দিন হইতে খারাপ হইয়াছে। গ্রামবাসিগণ কর্ত্তৃপক্ষের নিকট আবেদন করিয়া কোন ফল পায় নাই। এই দারুণ গ্রীষ্মে গ্রামের লোকে পানীয় জল অভাবে বিশেষ কষ্ট পাইতেছে। যাহাতে ঐ গ্রামের 'টিউব ওয়েল'টী শীঘ্র মেরামত হয় তৎপ্রতি বিভাগীয় কর্ত্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

---

## বাটী বিক্রয়

রঘুনাথগঞ্জ ফাঁসীতলায় সদর রাস্তার উপর একখানি দ্বিতল পোক্তা বাটী বিক্রয় হইবে। নিম্নে অনুসন্ধান করুন।

শ্রীবটকৃষ্ণ ঘোষ
জঙ্গিপুর, মুর্শিদাবাদ।

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

## নিলামের দিন ১৪ই জুলাই ১৯৫২

### ১৯৫১ সালের ডিক্রীজারী

৬২২ থাং ডিঃ দ্বিজপদ চট্টোপাধ্যায় দেং হাসিমুদ্দিন বিশ্বাস দিং দাবি ১৭১৷/০ থানা রঘুনাথগঞ্জ মৌজে মুকুন্দপুর আঃ ৬০৲ খং ৭২

৬২৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪৯৫০ মৌজাদি ঐ ১-৩৫ শতকের কাত নিজাংশে ১৮৶২ আঃ ১৫৲ খং ৮৪

৬৪৬ থাং ডিঃ বিবি সায়েরা খাতুন দেং উপেন্দ্রনাথ দাস দিং দাবি ১৪৷৵০ থানা রঘুনাথগঞ্জ মৌজে কানুপুর ১৮ শতকের কাত ৮৵১০ আঃ ৫৲ খং ২৮৭

৬৯২ থাং ডিঃ ঐ দেং জাহানেগার বিবি দিং দাবি ২৮/৬ মৌজাদি ঐ ৩৯ শতকের কাত ৷৵১০ আঃ ৫৲ খং ৮৪

৬৯৬ থাং ডিঃ জনাব মরতুজা রেজা চৌধুরী দিং দেং কালীপদ দাস দাবি ৩৮৷৷৵৯ থানা সুতী মৌজে খিদিরপুর ৩৮ শতকের কাত ৩/৬ নিজাংশে ৷৷৩ আঃ ৫৲ খং ৯০

### ১৯৫২ সালের ডিক্রীজারী

১৭২ থাং ডিঃ চতুর্ভুজ সেরাওগী দেং গয়ানাথ পাঁড়ে দিং দাবি ২৩৷৶৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাজিতপুর ১-৩৬ শতকের কাত ৫৷৶০ আঃ ১৫৲ খং ২৯৪ অধীনস্থ খং ২৯৫, ২৯৬, ২৯৭, ২৯৮, ২৯৯

১৭৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৩৵৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাজিতপুর ৪১ শতকের কাত ১৷৷০ আঃ ৫৲ খং ৩০১৷৩০২ রায়ত স্থিতিবান

১৭৪ থাং ডিঃ ঐ দেং ইসান সেখ দিং দাবি ২১৷৷৵৩ মৌজাদি ঐ ৩৮ শতকের কাত ১৲ আঃ ১৫৲ খং ২৩৪ রায়ত স্থিতিবান

১৭৭ থাং ডিঃ ঐ দেং একাবর সেখ দিং দাবি ১৫৷৬ থানা ঐ মৌজে চকসাদপুর ৮১ শতকের কাত ৩৲ আঃ ১০৲ খং ২৯ ঐ স্বত্ব

১৯৫ থাং ডিঃ তালিবপুর জয়েণ্ট ওয়াকফ ষ্টেটের মোতওয়ালিগণ মৌলবী গোলাম জিলানী সাহেব দিং দেং শান্তিময় রায় চৌধুরী দিং দাবি ৫৫৷৷/৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে শ্রীকান্তবাটী ২৫৫ শতকের কাত ৮৷১০ পাই আঃ ১৫৲ খং ২৯৮ রায়ত স্থিতিবান

১৯৬ থাং ডিঃ ঐ দেং মোকবিল সেখ মিস্ত্রী দাবি ২২৷/০ মৌজাদি ঐ ৮৮ শতকের কাত ২৮৶৬ পাই আঃ ১০৲ খং ৬১০ ঐ স্বত্ব

১৯৩ থাং ডিঃ নির্ম্মলকুমার সিংহ নওলক্ষা দেং অর্জ্জুন মণ্ডল দিং দাবি ৮৮৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে সীমলা ১০ শতকের কাত ৵০ আঃ ১৲ খং ৪৪

১৯৪ থাং ডিঃ ঐ দেং পচু মণ্ডল দাবি ৩০৵৬ মৌজাদি ঐ ৮৩ শতকের কাত ৩৷৷৶০ আঃ ১৫৲ খং ৩৮

৮৫ থাং ডিঃ বিবি সায়েরা খাতুন দেং রজনীকান্ত দাস ওরফে ভাদু দাস দিং দাবি ২১৷৷/৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে কানুপুর ১-৪৫ শতকের কাত ২৷৵১৪ আঃ ১০৲ খং ৪২৮

৭ মনি ডিঃ নবিজান বিবি দেং আবদুল শোভান সেখ দিং দাবি ৫১/৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে দফরপুর ৬০ শতকের কাত ১৮৶১৫ আঃ ৪০৲ খং ১০৭০

১০ মনি ডিঃ গোপালচন্দ্র চট্টোপাধ্যায় দেং নরেন্দ্রনাথ মুখোপাধ্যায় দাবি ৯৬৷৷৶০ থানা সাগরদীঘি মৌজে বন্ধেশ্বর ৬০ শতকের কাত ২৷৷০ খং ৪০ ৬ শতক মধ্যে ½ অংশে ১ শতকের কাত পরতা মত ৷৵৮ পাই আঃ ১০৲ খং ৭৩৮

১২ মনি ডিঃ ক্ষিতীন্দ্রনাথ মণ্ডল দেং উম্মর সেখ দাবি ২১০৷৷৵০ থানা রঘুনাথগঞ্জ মৌজে বহড়া ৪-২৪ শতকের কাত ১২৷৵০ ৭/৪৮ অংশ আঃ ১৫০৲ খং ১৩ ২নং লাট মৌজাদি ঐ ১০ শতক মধ্যে ৭/৪৮ জমা ১৷/৩ আঃ ৫০৲ খং ১৪ ৩নং লাট মৌজাদি ঐ ৩৪ শতক মধ্যে ৭/৪৮ জমা ১৷৷০ আঃ ২৫৲ খং ৫৪৫ ৪নং লাট মৌজাদি ঐ ১-৩১ শতক মধ্যে ৭/৪৮ জমা ৬৲ আঃ ৫০৲ খং ৫৪৮ ৫নং লাট থানা সাগরদীঘি মৌজে খেরুর ৭৫ শতক মধ্যে ৭/৪৮ জমা ৩৷০ আঃ ২৫৲ খং ১২৭১ ৬নং লাট মৌজাদি ঐ ১-৫০ শতক মধ্যে ৭/৪৮ জমা ৯৮৵০ আঃ ৫০৲ খং ৮৮৩

১১৭ থাং ডিঃ মহারাজ কুমার সিতাংশুকান্ত আচার্য্য বাহাদুর দেং আবদুল রহমান মণ্ডল দিং দাবি ২৭৮৶৯ থানা সুতী মৌজে নিজ নুরপুর ৯১ শতকের কাত ২৮/৬ আঃ ১০৲ খং ৭০৮ রায়ত স্থিতিবান

১২২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৬৩৷৬ মৌজাদি ঐ ৯-২২ শতকের কাত ১৭৷/০ আঃ ১০০৲ খং ৭০৩ ঐ স্বত্ব

১১৯ থাং ডিঃ ঐ দেং হজরত মণ্ডল দিং দাবি ৬১৷৷৩ মৌজাদি ঐ ২-৮৩ শতকের কাত ৮৷৶৭ আঃ ৪০৲ খং ১৩৯ ঐ স্বত্ব

১২৪ থাং ডিঃ ঐ দেং বেলাল উদ্দিন বিশ্বাস দাবি ৩৮৷৷৶০ থানা ঐ মৌজে নারায়ণপুর ৫৮০৷৷ জমির কাত ৫৮৬ আঃ ২০৲ খং ৩৫০ ঐ স্বত্ব

১২৭ থাং ডিঃ ঐ দেং কশিমুদ্দিন বিশ্বাস দিং দাবি ৭১৷৷৶৩ মৌজাদি ঐ ১৫/ বিঘার কাত ১৫৲ আঃ ৫০৲ ঐ স্বত্ব

১২৮ থাং ডিঃ ঐ দেং জয়নাল আবেদীন বিশ্বাস দিং দাবি ১৩৮৵৯ মৌজাদি ঐ ৬/১৷০ বিঘার কাত ১৵০ আঃ ৫৲ ঐ স্বত্ব

৭৪ থাং ডিঃ রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেং মুরলীধর সরকার মৃতান্তে বিমলেন্দু সরকার নাবালক দিং পক্ষে অলি মাতা কমলাবালা সরকার দাবি ৩৫৮৵৩ থানা সুতী মৌজে ভাবকী ৬১ শতকের কাত ১৷৵৯ আঃ ১০৲ খং ৬৪১ রায়ত স্থিতিবান

১৫১ থাং ডিঃ সতীন্দ্রনাথ দাস দিং দেং বল্লভীমোহন মজুমদার দিং দাবি ৫৯৵৬ থানা সুতী মৌজে জগতাই ১৪৯ শতকের কাত ৫৲ আঃ ১০৲ খং ১৬৫

১৫২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৬৮/৩ মৌজাদি ঐ ৩-২৮ শতকের কাত ৮৷২ আঃ ১০৲ খং ৩৪৬

১৫৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩০৷৷৵০ মৌজাদি ঐ ২-৭৯ শতকের কাত ৬৷৵৬ আঃ ৮৲ খং ৩৪৪

১৭০ থাং ডিঃ হরিশচন্দ্র মুখোপাধ্যায় দিং দেং রমণীরঞ্জন দাস দিং দাবি ২৬৻৬ থানা সুতী মৌজে হিলোড়া ১১৯ শতকের কাত ১৩৷০ আঃ ১৫৲ খং ২৬২৩ রায়ত স্থিতিবান

৮৯ থাং ডিঃ মহান্ত মনোহর দাস দেং গোলাপী বিবি দাবি ১৪৻৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে কৃষ্ণসাইল ১-২৮ শতকের কাত ২৲ আঃ ৫৲ খং ১০৮ রায়ত স্থিতিবান

৯১ থাং ডিঃ ঐ দেং ফণিভূষণ রায় দাবি ১৬৶৬ মৌজাদি ঐ ৯৭ শতকের কাত ৪৻১১ আঃ ১০৲ খং ১৭৭ ঐ স্বত্ব

## নিলামের ইস্তাহার

**চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত**

***নিলামের দিন ১৪ই জুলাই ১৯৫২***

১৯৫২ সালের ডিক্রীজারী

৭২ থাং ডিঃ মহান্ত মনোহর দাস দেং নজর সেখ দাবি ১৬৶/৭ থানা রঘুনাথগঞ্জ মৌজে খড়কাটী ৫১ শতকের কাত ১৮৶/৬ আঃ ৫৲ খং ১৬৬ স্থিতিবান

৭৫ থাং ডিঃ ঐ দেং সাহেতুল্লা বিশ্বাস দিং দাবি ১৬৷৶০ মৌজাদি ঐ ১-৩৫ শতকের কাত ১।৩ আঃ ৪৲ খং ২৬৮ রায়ত স্থিতিবান

১৪০ থাং ডিঃ জনাব মরতুজা রেজা চৌধুরী দিং দেং দেবেন মণ্ডল দিং দাবি ৫৮৷৵৭ থানা স্থতী মৌজে হাজিপুর ১১-৮২ শতকের কাত ২৫৷৷/৭ নিজাংশে ৪।৩ আঃ ২৫৲ খং ৮৮

১৬৮ থাং ডিঃ ইন্দ্রচন্দ্র সিংহ দেং হরিহর ঘোষাল দিং দাবি ২৩/০ থানা স্থতী মৌজে বংশবাটী ১-৬৫ শতকের কাত ৪৲ আঃ ৫৲ খং ১২৫৮

১৬৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১২/০ মৌজাদি ঐ ১-৪ শতকের কাত ১।০ আঃ ৫৲ খং ১২৫৬

১৬৫ থাং ডিঃ গৌরীশঙ্কর সিংহ দিং দেং অর্জ্জুন মণ্ডল দাবি ১৮৶৯ থানা স্থতী মৌজে সাদিকপুর ২৭০ শতকের কাত ৪৶৬ আঃ ৫৲ খং ৪১

১৭৫ থাং ডিঃ ঐ দেং সরোজাক্ষ মুখোপাধ্যায় দাবি ৩৯৬৶৶/৩ মৌজাদি ঐ ৫০৯৬ শতকের কাত ১৩৪৷৶/৪ আঃ ৫০৲ খং ৬৪৬

১৭৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৬৮৶০ মৌজাদি ঐ ৭৬৬ শতকের কাত ১৮৲১০ আঃ ২০৲ খং ৭১৫

১৬১ থাং ডিঃ চিন্ময়কুমার সেন দিং দেং আবদুল গোফুর সেখ দাবি ৫৩৷৵০ থানা স্থতী মৌজে আলোয়ানী ২৩০ শতকের কাত ৪৷৵০ আঃ ২৫৲ খং ৩৫

---


**চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত**

***নিলামের দিন ৭ই জুন ১৯৫২***

১৯৫২ সালের ডিক্রীজারী

৩ মনি ডিঃ আইউব আলি মণ্ডল দেং এসান আলি মণ্ডল দাবি ৪১৮৲৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে গিরিয়ার সামিল মোমিনটোলা ১০৩ শতকের কাত ১৬৮ আঃ ৫০৲ খং ২৫৯

---




রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত